

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৩৮

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১৮. মুশরিকদের সন্তান-সন্ততি সম্পর্কে।

# باب فِي ذَرَارِيِّ الْمُشْرِكِينَ

#### আরবী

#### বাংলা

৪৬৩৮. আবদুল ওয়াহাব ইবন নাজদা (রহঃ) .... আইশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করিঃ ইয়া রাসূলাল্লাহ! মু'মিন ব্যক্তিদের মৃত শিশু-সন্তানদের অবস্থা কী হবে? তিনি বলেনঃ সে তার মাতা-পিতার সাথী হবে। আমি বলিঃ ইয়া রাসূলাল্লাহ! আমল করা ছাড়াই তাদের এ অবস্থা হবে? তিনি বলেনঃ আল্লাহ্ সে সম্পর্কে সবিশেষ অবহিত, যা সে (বড় হয়ে) করতো। আমি আবার জিজ্ঞাসা করিঃ ইয়া রাসূলাল্লাহ! মুশরিকদের মৃত শিশু-সন্তানের অবস্থা কী হবে? তিনি বলেনঃ তারাও তাদের মাতা-পিতার সাথী হবে। আমি বলিঃ আমল ব্যতীতই এরূপ হবে? তিনি বলেনঃ আল্লাহ্ সে সম্পর্কে সবিশেষ অবহিত, যা সে (বড় হয়ে) করতো।

### **English**

#### 'A'ishah said:

I said: Messenger of Allah (May peace be upon him) what happens to the offspring of believers? He replied: They are joined to their parents. I asked: Messenger of Allah! Although they have done nothing? He replied: Allah knows best what they were doing. I asked: what happens to the offspring of



polytheists, Messenger of Allah? he replied! They are joined to their parents. I asked: Although they have done nothing? He replied: Allah knows best what they were doing.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন